

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
নিম্নতম মজুরী বোর্ড
প্রশাসন শাখা
www.mwb.gov.bd


স্মারক নম্বর: ৪০.০৪.০০০০.০০১.১১.০০৩.১৮.২১৮

তারিখ: ৩০ নভেম্বর, ২০২১

বিষয়: কারণ দর্শানোর নোটিশ।

যেহেতু, আপনি জনাব মহম্মদ নজরুল ইসলাম, সীটলিপিকার-কাম-কম্পিউটার অপারেটর, নিম্নতম মজুরী বোর্ড, ঢাকা গত ২৬/১১/২০২১ খ্রিঃ তারিখ হতে ২৯/১১/২০২১খ্রি তারিখ পর্যন্ত নিম্নতম মজুরী বোর্ডের মাননীয় চেয়ারম্যান (সিনিয়র জেলা জজ) জনাব সুলতান মাহমুদ কর্তৃক যশোর, খুলনা ও বাগেরহাট জেলায় অবস্থিত “চিংড়ি” শিল্প পরিদর্শন দলের সাথে গমন করেন। আপনি গত ২৮/১১/২০২১ খ্রিস্টাব্দ তারিখ পূর্বাফে কোনোরূপ পূর্বানুমতি ব্যতিরেকে এবং কর্তৃপক্ষকে অবহিত না করে খুলনায় অবস্থিত হোটেল ওয়েস্টার্ন ইন ত্যাগ করেন এবং গত ২৯/১১/২০২১খ্রিস্টাব্দ তারিখে আপনি যশোর, খুলনা ও বাগেরহাটে অবস্থিত “চিংড়ি” শিল্প পরিদর্শন শেষে ঢাকার উদ্দেশ্য রওয়ানার সময় পরিদর্শন দলের সাথে যুক্ত হননি। আপনার স্বেচ্ছাচারিতামূলক অনুপস্থিতির কারণে পরিদর্শনের গুরুত্বপূর্ণ কাজে বিঘ্ন ঘটে। এমনকি আপনার ফোনে এবং এস এম এস এর মাধ্যমে অবহিত করার পরও আপনাকে পাওয়া যায়নি। এখানে উল্লেখ্য যে, আপনি এখনও অফিসের কারো সাথে যোগাযোগ করেননি। আপনি আজ ৩০/১১/২০২১খ্রিস্টাব্দ তারিখ নিম্নতম মজুরী বোর্ড অফিসে অনুপস্থিত রয়েছেন। আপনার এহেন ইচ্ছাকৃত অনুপস্থিতি সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(গ) উপধারার বিধানের পরিপন্থী বিধায় শাস্তিযোগ্য অপরাধ।

এমতাবস্থায়, আপনার উপরোক্ত স্বেচ্ছাচারমূলক অনুপস্থিতি সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(গ) উপধারার বিধান মোতাবেক শাস্তিযোগ্য অপরাধ বিধায় আপনার বিরুদ্ধে কেন আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে না? তৎবিষয়ে এই নোটিশ প্রাপ্তির ০৩(তিন) কার্য দিবসের মধ্যে জবাব দেয়ার জন্য নির্দেশ হলো।



সুলতান মাহমুদ
চেয়ারম্যান (সিনিয়র জেলা জজ)
নিম্নতম মজুরী বোর্ড, ঢাকা


✓ **প্রাপক:** জনাব মহম্মদ নজরুল ইসলাম
পিতা: মৃত মোঃ আমজাদ আলী খাঁন
গ্রাম: উত্তর চৈতা, পো: রঘুনাথপুর
থানা: মির্জাগঞ্জ, জেলা: পটুয়াখালী।
ই-মেইল: nazrulguru1964@gmail.com

স্মারক নম্বর: ৪০.০৪.০০০০.০০১.১১.০০৩.১৮.২১৮/১(৪)

তারিখ: ৩০ নভেম্বর, ২০২১

অবগতি ও প্রয়োজনীয় (প্রয়োজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

- ১। মাননীয় সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়,।
- ২। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, হিসাবভবন, সেগুনবাগিচা, ঢাকা।
- ৩। হিসাবরক্ষক, হিসাব শাখা, নিম্নতম মজুরী বোর্ড, ঢাকা।
- ৪। অফিস কপি।


সুলতান মাহমুদ
চেয়ারম্যান (সিনিয়র জেলা জজ)
নিম্নতম মজুরী বোর্ড, ঢাকা